# এপ্রিলে বেসরকারি প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ শুরু

**যুগান্তর রিপোর্ট**

বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসায় শিক্ষক নিয়োগ প্রক্রিয়া আগামী এপ্রিল মাসেই শুরু
হচ্ছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রোববার এ তথ্য জানিয়েছেন। তিনি বলেন,
শিক্ষক নিবন্ধন পরীক্ষার সনদধারীদের মেধার ভিত্তিতে এ নিয়োগ দেয়া হবে।
নতুন নিয়মে শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্নের লক্ষ্যে রোববার বেসরকারি শিক্ষক
নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এবং টেলিটকের মধ্যে একটি চুক্তি সই
হয়েছে। এনটিআরসিএর চেয়ারম্যান এএমএম আজহার ও টেলিটকের ব্যবস্থাপনা
পরিচালক গিয়াস উদ্দিন আহমেদ চুক্তিতে সই করেন। সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের
সভাকক্ষে এ চুক্তি সই অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন ডাক ও
টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম, শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইনসহ দুই
মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা।

চুক্তি সই অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, 'দেশে ৩৬ হাজারের মতো বেসরকারি শিক্ষা
প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ দেয়া হয়। এর আগে স্থানীয়ভাবে শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং
কমিটি নিয়োগের কাজটি করে আসছিল। কিন্তু এতে নানা বিড়ম্বনা ও অসুবিধার কথা
আসছিল। শিক্ষানীতিতে এ নিয়োগ পিএসসির (সরকারি কর্ম কমিশন) মতো একটি
প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা আছে। আমরা সেই পথে যাচ্ছি। এরই অংশ
হিসেবে শিক্ষক নিয়োগে নতুন পদ্ধতি আনা হয়েছে।' শিক্ষামন্ত্রী বলেন, 'নতুন পদ্ধতিতে
শিক্ষক নিবন্ধন পরীক্ষায় প্রথমে প্রিলিমিনারি, পরে লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া
হবে। এরপর মেধা তালিকা করা হবে। তবে এখন পর্যন্ত নিবন্ধন পরীক্ষায় পাস করা
শিক্ষার্থীদের বিবেচনায় নিয়ে আগামী মাস থেকে শিক্ষক নিয়োগের কাজ শুরু হবে।